

যীশু এক ব্যক্তিকে আরোগ্য করে সেই বিষয়ে বলার জন্য ঘরে পাঠিয়েছিলেন

প্রার্থনাৎঃ “প্রিয় প্রভু, সহজভাবে বোঝা যায় এমনভাবে অন্যদের কাছে তোমার বিষয়ে বলার জন্য শিশুদের এবং তাদের শিক্ষকদের এই অধ্যয়টি ব্যবহার করতে সাহায্য কর।”

শিশুদের বয়স ও বর্তমান প্রয়োজনের সঙ্গে শিশুদের শিক্ষা কার্যাবলীর যে কোন একটি বাচ্চুন।

লুক ৮:২৬-৩১ অংশে বর্ণিত ভূত কর্তৃক পীড়িত এক ব্যক্তির গল্পটি একজন শিক্ষককে অথবা একটি বড় শিশুকে পাঠ করতে বা মন থেকে বলতে বলুন। যীশু কিভাবে তাকে সুস্থ করেছেন এবং তাঁর পরিবার ও বন্ধুবর্গের কাছে ঈশ্বর তার জন্য কি করেছেন, সেই বিষয়ে বলার জন্য তাকে ঘরে পাঠিয়েছিলেন বলা হয়েছে।



গল্পটি বলার পর এই প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন। (প্রতিটি প্রশ্নের পর উভয় দেওয়া হয়েছে।)

- যীশুকে দেখার পর সেই ভূতগ্রস্ত লোকটি কি করেছিল? (২৮ পদ)
- সেই লোকটি কেন তার নাম বাহিনী বলেছিল? (৩০ পদ)
- লোকটিকে পরিত্যাগ করার পর ভূতেরা কোথায় গেছিল? (৩৩ পদ)
- শুকরদের কি হয়েছিল? (৩৩ পদ)
- লোকটিকে ভূতগ্রস্ত থেকে মুক্ত করার পর যীশু লোকটিকে কোথায় পাঠিয়েছিলেন? (৩৯ পদ)
- যীশু সেই মুক্ত লোকটিকে কি করতে বলেছিলেন? (৩৯ পদ)

গুরুত্বপূর্ণ টীকাৎঃ ঈশ্বরের বিষয় লোকদের সহজভাবে শিক্ষা দানের উপায় হচ্ছে ঈশ্বর আপনার জন্য কি করেছেন সেই বিষয়ে নিজের মত করে তাদের কাছে বলা। আপনি যখন তাদের কাছে কোন সুসমাচার বলবেন। তখন সেটা এমনভাবে বলুন যেন মনে হয় আপনি একটি মূল্যবান রত্ন খুঁজে পেয়েছেন।



যীশুর ভূতগ্রস্ত লোকটিকে মুক্ত করে ঘরে পাঠানোর গল্পটির কিছু অংশ নাট্যরূপ দিন।

- শিশুদের দিয়ে নাটকটি উপস্থাপনের জন্য প্রধান উপাসকমন্ডলীর আরাধনার নেতার সঙ্গে ব্যবস্থা করুন। আপনাকে সব অংশগুলো ব্যবহার করতে হবেন।
- নাটকটি প্রস্তুতির জন্য শিশুদের সঙ্গে সময় ব্যবহার করুন।
- বড় শিশুরা অথবা প্রাপ্তবয়স্করা সুস্থ লোক স্ত্রী এবং বর্ণনাকারীর ভূমিকায় অভিনয় করবে, বর্ণনাকারী গল্পটি সংক্ষিপ্ত করবে এবং কিংবদন্তী বলতে ও করতে হবে সেই বিষয়ে শিশুদের সাহায্য করবে।

যদি কোন একটি নাটকের সব অংশগুলো অভিনয় করার মত যথেষ্ট শিশুরা না থাকে তবে
প্রতিবাসী শিশুদের সাহায্য করতে বলুন অথবা বর্ণনাকারী সেই চরিত্রটির মাঝে
বলে দেবেন এবং তার অংশটি পাঠ করবেন।

- ছোট শিশুদের পরিবার ও বন্ধুদের চরিত্রগুলো অভিনয় করতে দিন।

বর্ণনাকারীৎঃ লুক ৮:২৬-৩১ পদ পাঠ করবেন অথবা মন থেকে গল্পটি বলবেন। তারপর বলবেন, “শুনুন, সুস্থ লোকটি কি বলছেন!”

সুস্থ লোকটিৎঃ ‘আমার পরিবার ও বন্ধুগণ, নাসরতের যীশু আমার জন্য কি মহান কাজ করেছেন সেই বিষয়টি আমি তোমাদের কাছে বলতে এসেছি।’

পরিবার ও বন্ধুগণঃ ছুটে এসে লোকটির চারিদিকে একত্রিত হবে। এই ধরনের কিছু বলবে, “দেখ, দেখ, সেত ঠিক হয়ে গেছে মনে হচ্ছে!” ঠিকভাবে পোষাক পড়েছে! “সে স্বাভাবিকভাবে কথা বলছে!” কে এটা করল?”

স্ত্রীঃ “স্বামী, তুমি কত রাগী ছিলে! তুমি কবরে ঘুমতে! তুমি নিজেকে ক্ষত বিক্ষত করতে!”

পরিবার ও বন্ধুগণঃ এই ধরনের কথা বলবে, “বাবা, কি ঘটলো?”

“অসংখ্য ভূত তোমার মধ্যে প্রবেশ করার পর থেকে তোমাকে ‘বাহিনী’ বলে ডাকা হত!”

“আমরা ভাবতাম তোমাকে আর কখন দেখতে পাব না।”

“আমরা তোমার অভাব বোধ করতাম!”

সুস্থ লোকটিঃ “নাসরতের যীশু এসেছিলেন, এবং মন্দ আস্তাদের তাড়িয়ে দিয়েছিলেন! তারা বিরাট শূকর পালের মধ্যে চলে গেছিল। তারপর সেই শূকর পালেরা সমুদ্রের মধ্যে ধাবিত হয়েছিল এবং ডুবে গেছিল।”

স্ত্রীঃ “আমি যীশুকে দেখতে চাই!”

সুস্থ লোকটিঃ “তিনি আমার জন্য মহান বিষয় করেছেন। আমি তাঁর সঙ্গে যেতে চেয়েছিলাম, কিন্তু তিনি আমাকে তাঁর কথা বলার জন্য ঘরে পাঠিয়েছেন। তিনি তোমাদেরও প্রেম করেন।”

বর্ণনাকারীঃ যারা সাহায্য করেছিল তাদের সবাইকে ধন্যবাদ।

প্রশ্নাবলীঃ শিশুরা যদি বড়দের জন্য নাটকটি উপস্থাপন করে থাকে তবে তাদের বড়দের প্রশ্নাগুলো জিজ্ঞাসা করতে দিন।

যীশু আমাদের জন্য যা কিছু করেছেন যা আমরা অন্যদের বলতে পারি সেই বিষয়ে অন্যান্য উদাহরণ শিশুদের বলতে দিন।

কোন একজন খবরের কাগজ পড়েছেন, এমন একটি সহজ ছবি আঁকুন। শিশুদের ছবিটি নকল করতে দিন।



- পরবর্তী আরাধনার সময় তাদের ছবিগুলো বড়দের কাছে দেখাতে পারেন।
- ছবিগুলো দেখিয়ে তারা বলবে যে এর থেকে বোঝা যায় আমাদের কাছে বলার জন্য সুসমাচার আছে, যীশু শয়তানের সমস্ত শক্তির ওপর বিজয়ী হয়েছেন। ভূত এবং মৃত্যুও এর অস্তর্ভূক্ত।

মুখস্থ পদঃ রোমায় ৫১৮

কবিতাঃ তিনজন শিশু গীত ৮:১-৫ পদগুলো দুটো বা একটা করে আবৃত্তি করবে।

যীশুর পরিত্রাণের বিষয় পরিবার ও বন্ধুদের কাছে বলার বিষয় বড় শিশুদের গান অথবা কবিতা লিখতে দিন।

প্রার্থনাঃ প্রিয় প্রভু, আমাদের প্রেম করার জন্য এবং মন্দ ও মৃত্যু থেকে রক্ষা করার জন্য আমরা তোমার প্রশংসা করি। অন্য শিশুদের কাছে সহজভাবে তোমার কথা বলার জন্য আমাদের সাহায্য কর।”